



১৪২৬ বাংলা সালের হাট-বাজার ইজারার দরপত্রের ক্যালেন্ডার।

দরপত্রের পর্যায়	দরপত্র বিক্রয়ের তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম পর্যায়	০৭/০২/২০১৯ খ্রিঃ তারিখ হতে ২০/০২/২০১৯ খ্রিঃ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা।	২৪/০২/২০১৯ খ্রিঃ তারিখ সকাল ৯.০০ টা হতে দুপুর ০১.০০ টা	২৪/০২/২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ টা
২য় পর্যায়	২৫/০২/২০১৯ খ্রিঃ তারিখ হতে ১১/০৩/২০১৯ খ্রিঃ তারিখ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা।	১২/০৩/২০১৯ খ্রিঃ তারিখ সকাল ৯.০০ টা হতে দুপুর ০১.০০ টা	১২/০৩/২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ টা
৩য় পর্যায়	১৩/০৩/২০১৯ খ্রিঃ তারিখ হতে ২২/০৩/২০১৯ খ্রিঃ তারিখ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা।	২৩/০৩/২০১৯ খ্রিঃ তারিখ সকাল ৯.০০ টা হতে দুপুর ০১.০০ টা	২৩/০৩/২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ টা

১৪২৬ বাংলা সালের হাট-বাজার ইজারার শর্তাবলী

০১. ১৪২৬ বাংলা সালের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র ১ (এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।
০২. দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পেঅর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, নেছারাবাদ এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা হাট-বাজার নিজ খরচে নিয়মিত পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যাপণ করা হবে।
৩. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫ (পঁচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) আবশ্যিকভাবে একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত নিশ্চিতভাবে বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
০৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ৩ (তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারি মূল্য) হতে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।
০৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবেনা। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অস্বতর্ভূত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা।
০৬. খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
০৭. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবেনা। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।
০৮. প্রত্যেক বাজারের জন্য পৃথক-পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
০৯. ইজারাদার কোন ক্রমে হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।
১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩৫০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
১১. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১২. ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।
১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্ট্রার সংরক্ষণ করবেন।
১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তৃপক্ষের বাকি জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
১৬. হাট-বাজারের ইজারার অনাদায়ী টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
১৭. চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।
১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
১৯. সরকার কর্তৃক প্রদত্ত অন্য কোন কর (যদি থাকে) প্রদানে বাধ্য থাকিবেন।


 (সরকার আব্দুল্লাহ আল মামুন বার)
 উপজেলা নির্বাহী অফিসার
 নেছারাবাদ, পিরোজপুর।
 ফোন- ০৪৬২৭৫৬০৫৭
 E-mail: unonesarabad@gmail.com


 ২৭/০৩
 ২০১৯